Jobstestbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.cga.gov.bd

নং- ০৭.০৩.০০০০.০০২.১৭.০০২.২১-১২৩৮

তারিখ: ১২–পৌষ–১৪২৮ব:
২৭–ডিসেম্বর–২০২১খ্রি.

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০০.০৮২.১১.০০২.১৮-৭২, তারিখ: ১১-০২-২০২১খ্রি. এর মাধ্যমে শূন্য পদ পূরণের ছাড়পত্র প্রাপ্তির পরিপ্রেক্ষিতে হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় এবং এর আওতাধীন দপ্তরসমূহের জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৯তম গ্রেড ও ২০তম গ্রেডভুক্ত নিম্নোক্ত স্থায়ীপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য পদের পাশে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা এবং নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://cga.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (online) এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। **অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।**

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | সর্টার (গ্রেড-১৯) টাকা ৮,৫০০ - ২০,৫৭০/- | ৪০ (চল্লিশ) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২. | অফিস সহায়ক (গ্রেড-২০) টাকা ৮,২৫০ - ২০,০১০/- | ৫৭ (সাতান্ন) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:**

১। আবেদন শুরুর (১২/০১/২০২২খ্রি.) তারিখে ন্যূনতম ১৮ বছর এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩, তারিখ: ১৯/০৮/২০২১খ্রি. মোতাবেক **২৫/০৩/২০২০খ্রি. তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা:**
(i) সকল প্রার্থীর (মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ৩০ বছর।
(ii) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ক্ষেত্রে ৩২ বছর তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে ৩০ বছর।
(iii) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর।
(iv) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ০৪/১০/২০১৮খ্রি. তারিখের পরিপত্র নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০৭.১৮.২৭৬ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৩। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। অনুমতির কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। চাকরিতে নিয়োগ প্রাপ্তদের বাংলাদেশের যে-কোনো জায়গায় অবস্থিত হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন যে-কোনো কার্যালয়ে পদস্থাপন করা হবে।

৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করে।

৭। একজন প্রার্থী বিজ্ঞাপনে উল্লিখিত সকল পদে আবেদন করতে পারবেন। তবে একই তারিখ ও সময়ে একাধিক পদের পরীক্ষা অনুষ্ঠিত হলে প্রার্থী যে কোন একটি পদের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৮। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

(ক) এই বিজ্ঞপ্তির অধীনে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://cga.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ
(i) online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান আরম্ভের তারিখ ও সময়: ১২/০১/২০২২খ্রি. সকাল: ১০:০০ ঘটিকা।
(ii) online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৭/০১/২০২২খ্রি. বিকাল: ০৫:০০ ঘটিকা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) **ছবি (Photo) আপলোড:**
online-এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য × প্রস্থ) ৩০০×৩০০ pixel এর কম বা বেশি নয় (File Size 100KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এবং অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি আপলোড করতে হবে। উল্লেখ্য, সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant's copy-তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাস পরে তোলা ছবি গ্রহণযোগ্য হবে না। Home Page-এর Help (Photo & signature Validator) Menu-তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

(গ) **স্বাক্ষর (Signature) আপলোড:**
online-এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য × প্রস্থ) ৩০০×৮০ pixel এর কম বা বেশি নয় (File Size 60KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এরূপ মাপের স্বাক্ষর আপলোড করতে হবে। Applicant's copy-তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে।

(ঘ) যেহেতু online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা (সংশ্লিষ্ট সনদ মোতাবেক) সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঙ) প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে-কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(চ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Applicant's Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা ) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে-কোনো teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি ৫০/- টাকা এবং টেলিটক এর সার্ভিস চার্জ ৬/- টাকা সহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- টাকা (ছাপ্পান্ন) [ অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য, "*online*-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"]** অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

প্রথম **SMS:** CGA<space> User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example : **CGA ABCDEF**
Reply : Applicant's Name, TK. 112/- for serial no: 1 to 3 and TK. 56/- for serial no: 4 to 5 will be charged as application fee. Your PIN is XXXXXX.
দ্বিতীয় SMS: **CGA<space> Yes <space> PIN** লিখে send করতে হবে **16222** নম্বরে।
Example: **CGA Yes XXXXXX**
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for CGA Application for post xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxxxx).
দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাবেন। এই **Password টি Admit Card** (প্রবেশপত্র) **download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।**

(ছ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cga.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের website: www.cga.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়েও অবশ্যই প্রদর্শন করবেন। **Admit Card (প্রবেশপত্র) download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।**

(ঝ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **CGA<space>Help<space>User<space>User ID** & Send to 16222.
Example: **CGA Help User ABCDEF** & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে:
**CGA<space>Help<space>PIN<space>PIN No** & Send to 16222.
Example: **CGA Help PIN 12345678** & Send to 16222.

১০। **প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে যে-কোনো পর্যায়ে যে-কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(খ) মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ন্যূনপক্ষে ৯ম গ্রেডভুক্ত গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবেঃ
(i) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
(ii) প্রার্থী যে ইউনিয়ন পরিষদ/পৌরসভার বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
(iii) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের কপি।
(iv) ন্যূনপক্ষে ৯ম গ্রেডভুক্ত গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(v) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
(vi) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) এবং প্রবেশপত্রের কপি।
(vii) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।
(viii) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কোনো প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং পুত্র/ কন্যাদের পুত্র/কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে মুক্তিযোদ্ধা পরিচয়ের প্রমাণক হিসেবে প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ দাখিল করতে হবে।
অ. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের জারীকৃত ১৮.১০.২০২০ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০৩. ২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্রে বর্ণিত প্রমাণক/ গেজেটসমূহের যে-কোনো একটিতে আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তাঁর নাম থাকতে হবে। উক্ত নামের সাথে দাখিলকৃত কাগজপত্রে উল্লিখিত বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম এবং ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।
আ. আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানার সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা/মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন থাকতে হবে।
ই. মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং গেজেটের কপি।
(ix) সমাজ কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সংক্রান্ত সনদ প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।
(x) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রিধারীদের শিক্ষা মন্ত্রণালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

(গ) যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১১। যে-কোনো রকম তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১২। প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের আবেদনের ভিত্তিতে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় হতে শ্রুতিলেখক প্রদান করা হবে। যে সকল প্রতিবন্ধী প্রার্থীর শ্রুতিলেখক প্রয়োজন হবে তাদেরকে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় কর্তৃক নির্দেশিত সময়ের মধ্যে বিভাগীয় নির্বাচন কমিটির সভাপতি বরাবর শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নপত্র, ছবি এবং প্রতিবন্ধী পরিচয়পত্রের কপিসহ শ্রুতিলেখক প্রাপ্তির দরখাস্ত দাখিল করতে হবে।

১৩। হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের নিয়োগ বিজ্ঞপ্তি, online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য http://cga.teletalk.com.bd ও www.cga.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

১৪। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও (www.cga.gov.bd) ওয়েবসাইটে এবং http://cga.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

১৫। Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে 121 অথবা যে-কোনো অপারেটর থেকে 01500-121121 নাম্বারে কল করা যাবে। এছাড়া, vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে।
(মেইল এর Subject এ Organization Name 'CGA', Post Name*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

Mhoss 27.12.21
(মানিক হোসেন)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-২)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি

জি-২৬৮৩/২১ (২৫˝ x ৪)